“জান্নাত তোমাদের জুতার ফিতার চেয়েও বেশি নিকটে আর জাহান্নামও অনুরুপ।”

ইবনু মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “জান্নাত তোমাদের জুতার ফিতার চেয়েও বেশি নিকটে আর জাহান্নামও অনুরুপ।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, জান্নাত ও জাহান্নাম মানুষের অতি নিকটে, যেমন কারো পায়ের জুতার ফিতা তার পায়ের পৃষ্টেই। কেননা, কোন ব্যক্তি মহান আল্লাহর সন্তুষ্টির জন্য একটি ভালো কাজ করল তার দ্বারা সে জান্নাতে প্রবেশ করবে অথবা কোন গুনাহ করল আর তা তার জাহান্নামে প্রবেশের কারণ হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/3581